

১৫

যুগান্তর

তারিখ ... AUG. 24 2006 ...
সূত্র ... ৫ ...



মেডিকলে ভর্তি নিয়ম বদলান

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। এদেশে প্রয়োজনের তুলনায় সব কিছুই সীমিত। আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা এখন অনেক উন্নত। ২০০৬ সালের এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-৫ (এ+) এই উন্নত শিক্ষা ব্যবস্থার প্রমাণ। বর্তমানে আমাদের দেশে ১৪টি সরকারি মেডিকেল কলেজ রয়েছে। গত বছর বেণম খালেদা জিয়া মেডিকেল কলেজ চালু করা হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু নতুন মেডিকেল কলেজ চালু করার পাশাপাশি মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করা প্রয়োজন। এবার যেসব ছাত্রছাত্রী মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা ২০০৪ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল। যেখানে জিপিএ-৫-এর সংখ্যা ছিল ১৩ হাজার। কিন্তু গোল্ডেন এ+ অর্থাৎ এ+ অতিরিক্ত বিষয় ছাড়া এর সংখ্যা ছিল মাত্র ৯৪১ জন। ২০০৩ সালের ভর্তি পরীক্ষায় এই অতিরিক্ত বিষয়সহ রেজাল্টের ভিত্তিতে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। যা ছাত্রদের নিছক হয়রানি।

আমরা যদি বুয়েটের দিকে তাকাই তাহলে দেখা যাবে তারা শুধু এইচএসসি পরীক্ষার রেজাল্টের ভিত্তিতেই ভর্তি পরীক্ষা গ্রহণ করে। যা Additional Subject ছাড়া। মেডিকেল ভর্তি পরীক্ষায় ২০০৬ সালে নতুন ব্যবস্থা গ্রহণ না করলে হয়তো প্রাথমিকভাবেই ১০০ কোটির নিম্নেই ভর্তি পরীক্ষায় অংশ নেবে মোট ভর্তি পরীক্ষার্থীর ৬০-৭০%। কিন্তু আমরা যদি এই জিপিএ সিস্টেম চালুর আগের অবস্থার দিকে তাকাই তাহলে দেখা যাবে শুধু Talent student-দের প্রাথমিক বাছাই এবং তাদের এসএসসি ও এইচএসসি রেজাল্টের মূল্যায়নের জন্যই এই প্রাথমিকভাবে ১০০ কোটির ব্যবস্থা করা হয়েছিল। বর্তমানে যদি Additional Subject বাদ দিয়ে জিপিএ রেজাল্ট মূল্যায়ন করা হয় তাহলে সেই প্রাথমিক মূল্যায়ন সৃষ্ট এবং সার্থক হবে।

মোঃ আলমগীর হোসেন
প্রডায়ক, বিসিএমসি কলেজ, যশোর